# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

## বিভিন্ন অপরাধে ৬৭টি প্রতিষ্ঠানকে ৩.৮৬ লক্ষ টাকা জরিমানা

**২০ জুন ২০১৬**

**বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের** প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১৯ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল, মাদারীপুর, ঝালকাঠি, টাঙ্গাইল, হবিগঞ্জ, যশোর, নোয়াখালী, কুমিল্লা, পটুয়াখালী, গোপালগঞ্জ ও ময়মনসিংহে আজ বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আতিয়া সুলতানার নেতৃত্বে ঢাকা মহানগরীর মতিঝিল এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে সম্রাট ঘরোয়া রেস্তোরা এন্ড হোটেল, ঝালমুখ রেষ্টুরেন্ট ও ক্যাফে দিলকুশাকে যথাক্রমে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা, **২০,০০০/- (বিশ হাজার)** টাকা ও **২০,০০০/- (বিশ হাজার)** টাকাসহ মোট **৭০,০০০/- (সত্তর হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভীর নেতৃত্বে ঢাকা মহানগরীর পল্টন এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে ভাই ভাই হোটেল এন্ড রেষ্টুরেন্ট ও জালালাবাদ হোটেলকে যথাক্রমে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা ও **২০,০০০/- (বিশ হাজার)** টাকাসহ মোট **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রিনা বেগমের নেতৃত্বে ঢাকা মহানগরীর তেজগাঁও এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে আল আমিন ট্রেডার্সকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে ক্যাফে আলী রেস্তোরা-২ ও সেবা হোটেলকে যথাক্রমে **১০,০০০/- (দশ হাজার)** টাকা ও **১,৭০০ (এক হাজার সাতশত)** টাকাসহ মোট **২১,৭০০/- (একুশ হাজার সাতশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর এলাকায় ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে আল্লাহর রহমত খাসির দোকানকে **২,০০০/- (দুই হাজার)** টাকা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে আল আমিন রেষ্টুরেন্টকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে জান্নাত হোটেল এন্ড রেস্টুরেন্টকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকাসহ মোট **৩২,০০০/- (বত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়াও ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর লালবাগ এলাকায় **৬টি** প্রতিষ্ঠানকে **৪৩,০০০/- (তেতাল্লিশ হাজার)** টাকা ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্লাহ এর নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের কোতয়ালী থাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা, রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহী মহানগরের বোয়ালিয়া থাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকা, বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক সুমী রাণী মিত্রের নেতৃত্বে বরিশালের উজিরপুর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, মাদারীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জান্নাতুল ফেরদৌসের নেতৃত্বে মাদারীপুর সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৮,০০০/- (আটার হাজার)** টাকা, ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠির কাঠালিয়া উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকা, টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মাগফুর রহমানের নেতৃত্বে টাঙ্গাইল সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল আমিনের নেতৃত্বে হবিগঞ্জের নবীগঞ্জ উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৮,৫০০/- (আট হাজার পাঁচশত)** টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে যশোর সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত)** টাকা, নোয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জয়াস চাকমার নেতৃত্বে নোয়াখালী সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৬,৫০০/- (ষোল হাজার পাঁচশত)** টাকা, কুমিল্লা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলামের নেতৃত্বে কুমিল্লার বুড়িচং উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **১,০০০/- (এক হাজার)** টাকা, পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে পটুয়াখালী সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৩,৫০০/- (তিন হাজার পাঁচশত)** টাকা, গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামিম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জ সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত)** টাকা, ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে ময়মনসিংহ সদর উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **১৪,০০০/- (চৌদ্দ হাজার)** টাকা, এবং বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে বরিশালের উজিরপুর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকাসহ মোট **১,৬৯,৫০০/- (এক লক্ষ উনসত্তর হাজার পাঁচশত)** টাকা পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী ও ওজনে কারচুপির অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের **১৯টি** বাজার তদারকিতে **৬৭টি** প্রতিষ্ঠানকে মোট **৩,৮৬,২০০/- (তিন লক্ষ ছিয়াশি হাজার দুইশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও মহানগর পুলিশ, বাজার কর্মকর্তা, মৎস্য কর্মকর্তা, ক্যাব, বিএসটিআই এর প্রতিনিধি, টিসিবির প্রতিনিধি, স্যানেটারী ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি ও ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল, খুলনা ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল, মাদারীপুর, ঝালকাঠি, টাঙ্গাইল, হবিগঞ্জ, যশোর, নোয়াখালী, কুমিল্লা, পটুয়াখালী, গোপালগঞ্জ ও ময়মনসিংহ।
৭। পুলিশ সুপার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল, মাদারীপুর, ঝালকাঠি, টাঙ্গাইল, হবিগঞ্জ, যশোর, নোয়াখালী, কুমিল্লা, পটুয়াখালী, গোপালগঞ্জ ও ময়মনসিংহ।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।